

জবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিজয় মিছিল

জবি সংবাদদাতা

০৬ আগস্ট,
২০২৪ ১৭:০৬

শেয়ার

অ +

অ -



বিজয় মিছিল করছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

স্বৈরাচার শেখ হাসিনার পদত্যাগে বিজয় মিছিল করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। মঙ্গলবার (৬ আগস্ট)

বিকাল ৩টায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে এ মিছিল হয়। বিশ্ববিদ্যালয় কাঁঠালতলা থেকে বিজয় মিছিল

শুরু করে বাহাদুর শাহ পার্ক প্রদক্ষিণ করেন তারা।

বক্তব্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অন্যতম সমন্বয়ক ইভান তাহসীব বলেন, ‘আমরা অনেক আত্মত্যাগের পর বিজয়ী হয়েছি।

আমাদের আবু সাঈদ, মুগ্ধকে হারিয়েছে। যখন শেখ হাসিনার পদত্যাগে সারা দেশের মানুষের মুখে উজ্জ্বল হয়েছে।’

তিনি আরো বলেন, ‘আমাদের বিজয় হলেও সারা দেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণ করা হচ্ছে। আমাদের আন্দোলনকে কলঙ্কিত করতে চেষ্টা করা হচ্ছে।

আমাদের সচেতন থাকতে হবে।’

এ ছাড়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আরেক সমন্বয়ক মাসুদ রানা বলেন, ‘আমাদের ফেসবুক স্ট্যাটাস যারা স্ক্রিনশট দিয়েছেন, আমাদের নানা ভয়ভীতি ও হুমকি দিয়েছেন তাদের যায়গা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে হবে না।’

তিনি আরো বলেন, ওরা রাজাকার, ওরা খুনি, ওদের বিচার হবে। খুনি হাসিনার দোসরদের বিচার করা হবে।

পতনের আগের দিনও জবির নীল দলের শিক্ষকরা আমাদের বিরুদ্ধে কথা বলেছেন। সব দোসরদের বিচার করা হবে।

এ সময় শিক্ষার্থীরা 'হৈহৈ রৈরৈ, ছাত্রলীগ গেলি কই?', 'জেগেছে রে জেগেছে রে, ছাত্রসমাজ জেগেছে,' 'দিয়েছি তো

রক্ত, আরো দেব রক্ত'সহ বিভিন্ন স্লোগান দেন।